**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 07-04-2026** **Desk in Charge : SDG**

**Time : - 7.35 AM** **Editing. & Compile.: NBR**

**DEO : - KB** **NRT : Namami Basu R.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্যে SIR-এর পর বিবেচনাধীন থাকা নামের দ্বাদশ সাপ্লিমেন্টারি ভোটার তালিকা প্রকাশ করেছে কমিশন। জানা গেছে আপাতত এটিই শেষ তালিকা। #একইসঙ্গে যোগ্য-অযোগ্য মিলিয়ে বিচারাধীন নামের পূর্ণাঙ্গ ভোটার তালিকা প্রকাশ করেছে কমিশন।

২/ অ্যাডজুডিকেশন তালিকা থেকে বাদ যাওয়া নাম, পুনর্বিবেচনার জন্য অ্যাপিলেট ট্রাইব্যুনালের কাজ দ্রুত সম্পন্ন করতে সুপ্রিম কোর্ট, তিনজন অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি বা বিচারপতি নিয়োগ করার নির্দেশ দিয়েছে।

৩/ রাজ্য বিধানসভার প্রথম দফার নির্বাচনে, ১৫২ টি আসনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হবে। # ভোটকে ঘিরে রাজনৈতিক প্রচারাভিযান এখন তুঙ্গে। # প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ ব্যারাকপুরে বিজেপি প্রররথীর প্রচারে যোগ দেবেন। # তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী'ও একাধিক জনসভা করবেন।

৪/ উত্তর ২৪ পরগণার নৈহাটির চেয়ারম্যান তথা তৃণমূল কংগ্রেস নেতা অশোক চ্যাটার্জীকে পুলিশের গাড়ীতে করে মহকুমা শাসকের দপ্তরে নিয়ে যাওয়ার অভিযোগে আই সি নৈহাটি মহাবীর বেরাকে সাসপেন্ড করেছে নির্বাচন কমিশন।

৫/ আজ বিশ্ব স্বাস্থ্য দিবস। স্বাস্থ্য সচেতনতার লক্ষ্যে নেওয়া হয়েছে একাধিক কর্মসূচী।

৬/ রাজ্যের বহু জেলায় আজ'ও ঝড় বৃষ্টির সম্ভাবনা। # গতসন্ধ্যায় প্রবল ঝড়ে ইডেনে কলকাতা নাইট রাইডার্স ও পাঞ্জাব কিংসের মধ্যে IPL ক্রিকেটের ম্যাচ পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে।

**********************************************************************

রাজ্যে SIR-এর পর বিবেচনাধীন থাকা নামের **দ্বাদশ** সাপ্লিমেন্টারি ভোটার তালিকা প্রকাশ করেছে কমিশন। জানা গেছে আপাতত এটিই **শেষ** তালিকা। নির্বাচন কমিশনের বিধি অনুযায়ী গতরাত ১২টার পর পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের ভোটার তালিকা 'ফ্রিজ' করে দেওয়া হয়েছে। এপর্যন্ত যাদের নাম তালিকায় রইলো, তারাই কেবলমাত্র এবার ভোট দিতে পারবেন।

উল্লেখ্য, প্রথম দফা মনোনয়ন জমা দেওয়ার শেষ দিনেই রাত ১২ টায় ভোটার তালিকা ফ্রিজ হয়ে যায়। ফলে ট্রাইবুনালে ছাড়পত্র পেলেও, এখন'ই তাঁদের নাম তালিকায় উঠবে না।

এদিকে, গতকাল'ই বিচারাধীন নামের পূর্ণাঙ্গ ভোটার তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন। প্রকাশিত রিপোর্টে এই প্রথমবার যোগ্য ও অযোগ্য হিসাবে চিহ্নিত ভোটারদের জেলাভিত্তিক বিশদ তথ্য প্রকাশ করা হয়েছে। কমিশন সূত্রে জানা গিয়েছে, প্রায় ৬০ লক্ষের বেশি ভোটারকে 'অ্যাডজুডিকেশন'-এর তালিকায় রাখা হয়েছিল। তার মধ্যে প্রায় **৩২ লক্ষের** বেশি ভোটারকে **যোগ্য** বলে চিহ্নিত করা হয়েছে। অন্যদিকে **অযোগ্য** হিসেবে চিহ্নিত হয়েছে প্রায় **২৭ লক্ষের** কাছাকাছি নাম ।

সবচেয়ে বেশি নাম বাদ গিয়েছে **মুর্শিদাবাদ** জেলায়। সেখানে প্রায় চার লক্ষ ৫৫ হাজার ভোটারকে অযোগ্য বলে চিহ্নিত করা হয়েছে। এরপরই, ৩'লক্ষ ২৫ হাজারের মতো নাম বাদ পড়েছে উত্তর ২৪ পরগনায়। তৃতীয় স্থানে রয়েছে- মালদা। যেখানে প্রায় ৩'লক্ষ ৩৯ হাজার ভোটারকে অযোগ্য হিসেবে ধরা হয়েছে। নদিয়া এবং দক্ষিণ ২৪ পরগণা- দুটি জেলাতেই দু'লক্ষের অধিক করে ভোটারের নাম বাদ পড়েছে। বীরভূমে অযোগ্য ভোটারের সংখ্যা- প্রায় প্রায় ৮২ হাজার। এছাড়া হুগলি এবং উত্তর দিনাজপুরেও বাদ পড়েছে লক্ষাধিক নাম। পশ্চিম বর্ধমানে এই সংখ্যা প্রায় ৭৪ হাজার।

কমিশন জানিয়েছে, বিচার প্রক্রিয়া অনুযায়ী প্রতিটি নাম খতিয়ে দেখেই সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং সেই ভিত্তিতেই এই তালিকা। তবে, সুপ্রিম কোর্টের নির্দেশ মত অযোগ্য হিসাবে চিহ্নিত ভোটাররা বিচারবিভাগীয় ট্রাইবুনালের কাছে পুনর্বিবেচনার আবেদন জানাতে পারবেন।

******************************

পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় 'বিশেষ নিবিড় সংশোধনী' SIR-এর পর অ্যাডজুডিকেশনে থাকা তালিকা থেকে বাদ যাওয়া নাম, পুনর্বিবেচনার জন্য অ্যাপিলেট ট্রাইব্যুনালের কাজ দ্রুত সম্পন্ন করতে সুপ্রিম কোর্ট, তিনজন অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি বা বিচারপতি নিয়োগ করার নির্দেশ দিয়েছে। কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতিকে এই কমিটি গঠন করতে হবে। প্রধান বিচারপতি সূর্যকান্ত ও দুই বিচারপতি জয়মাল্য বাগচী ও বিপুল এম পাঞ্চোলির বেঞ্চ গতকাল জানিয়েছেন, আজকের মধ্যে সংশ্লিষ্ট প্রক্রিয়া নির্ধারণ করা হবে বলে সুপ্রিম কোর্ট আশা প্রকাশ করেছে। আজ পর্যন্ত বিচারকরা সাপ্লিমেন্টারি তালিকায় ই-সাইন করতে পারবেন।

SIR -এ নিযুক্ত ১৯ টি অ্যাপিলেট ট্রাইব্যুনালের কাজ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নজরদারি চালাবে এই কমিটি। এখনও পর্যন্ত ৬০ লক্ষের মধ্যে ৫৯ লক্ষ নামের দাবি এবং আপত্তির নিষ্পত্তি হয়েছে। তাদের নির্ধারিত প্রক্রিয়ায় ১৯ টি ট্রাইব্যুনালকে বাধ্যতামূলকভাবে অনুসরণ করতে হবে বলে শীর্ষ আদালত জানিয়েছে। সমস্ত অ্যাপিল শুধুমাত্র কলকাতাতেই দাখিল করতে হবে, নাকি তা অন্য জায়গাতেও করা যাবে, তা এই তিন বিচারপতিই সিদ্ধান্ত নেবেন।

ইতোমধ্যেই জেলাশাসকের দপ্তরে যারা অফলাইনে আবেদন জানিয়েছেন, তাদের রিসিট দেওয়ারও নির্দেশ দিয়েছেন শীর্ষ আদালতের বেঞ্চ।

SIR-এর কাজে যুক্ত জুডিশিয়াল আধিকারিকদের সাম্মানিক বেতন অবিলম্বে মিটিয়ে দেওয়ার ব্যবস্থা করতে আজ নির্বাচন কমিশনকেও নির্দেশ দেওয়া হয়েছে। আজ একটি বিজ্ঞপ্তি জারি করে বিচারকদের প্রাপ্ত বেতন মেটানোর বিষয়ে জানাতে হবে। **১৩ ই এপ্রিল বেলা তিনটেয় এই মামলার পরবর্তী শুনানি ধার্য হয়েছে।**

*******************************

রাজ্য বিধানসভার **প্রথম দফার নির্বাচনে, ১৫২ টি** আসনের জন্য জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হবে। গতকাল ছিল প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন। ৯'তারিখ বৃহস্পতিবার পর্যন্ত মনোনয়ন প্রত্যাহার করতে পারবেন প্রার্থীরা। এই দফায় ভোট গ্রহণ আগামী ২৩ শে এপ্রিল।

দ্বিতীয় দফায় ১৪২ টি আসনের জন্য মনোনয়ন জমা দেওয়ার কাজ জোরকদমে চলেছে। আগামী বৃহস্পতিবার পর্যন্ত এই প্রক্রিয়া চলবে। পরদিন- শুক্রবার সেগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ১৩'ই এপ্রিল-সোমবার। দ্বিতীয় দফায় ভোট নেওয়া হবে ২৯শে এপ্রিল।

অন্যদিকে, ভোটকে ঘিরে রাজনৈতিক প্রচারাভিযান এখন তুঙ্গে।

বরিষ্ঠ বিজেপি নেতা প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং গতরাতে কলকাতায় এসেছেন। আজ তিনি ব্যারাকপুরে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা ও রোড শো করবেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আগামী শনিবার পুরুলিয়ার বাঘমুন্ডিতে নির্বাচনী প্রচারে অংশ নেবেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী'ও একাধিক জনসভায় অংশ নিচ্ছেন।

কংগ্রেস, বাম এবং ISF সহ অন্যান্য দলের নেতৃবৃন্দ'ও নিজেদের বা দলীয় প্রার্থীর সমর্থনে প্রচারে যোগ দিচ্ছেন।

*******************************

বিভিন্ন সভা সমাবেশে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সাংবিধানিক পদাধিকারীদের অপমানের পাশাপাশি অসত্য প্রচারও করছেন বলে বিজেপি অভিযোগ করেছে। বেহালায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন,এবার নির্বাচনের পরিস্থিতি খারাপ বুঝতে পেরে মুখ্যমন্ত্রী এই ধরনের অসত্য প্রচার করছেন। তিনি মতুয়া সমাজের আরাধ্য গুরুচাঁদ ঠাকুরকেও অবমাননা করেছেন বলে শ্রী অধিকারী অভিযোগ করেন। পাশাপাশি জলপাইগুড়িতে জল্পেশ শিব মন্দির,কোচবিহারে মদনমোহন মন্দির সবই তিনি নির্মাণ করেছেন বলে মুখ্যমন্ত্রী দাবি করলেও তিনি যে কোনটাই নির্মাণ করেননি তা রাজ্যের মানুষ জানে। কালীঘাটের স্কাইওয়াকও মুখ্যমন্ত্রীর নির্মিত নয় বলে বিরোধী দলনেতা উল্লেখ করেছেন।

*******************************

নির্বাচনে রাজনৈতিক দলগুলির প্রকাশিত ইশতেহারে “পরিবেশ রক্ষা ও সেই কাজে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ” এই বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করার জন্য পরিবেশ সংগঠন সবুজ মঞ্চ চোদ্দ দফা দাবি সম্বলিত একটি তালিকা প্রকাশ করেছে। গতকাল সংগঠনের তরফে এটি প্রকাশ করে সম্পাদক নব দত্ত বলেন, নির্বাচনে প্রথম কর্মসূচি হোক পরিবেশ রক্ষা। তালিকায় উল্লেখিত বিষয়গুলির মধ্যে রয়েছে, বনাধিকার আইন ২০০৬ কার্যকর করা ও বনবাসীদের অরণ্য রক্ষার অধিকারের স্বীকৃতি, পর্যটন কেন্দ্রগুলিতে পরিবেশবিধি মেনে হোটেল রিসর্ট এবং হোমস্টে তৈরি এবং যথাযথভাবে কঠিন ও তরল বর্জ্য ব্যবস্থাপনা চালু করা, গাছ বাঁচিয়ে অথবা প্রতিস্থাপন করে রাস্তা তৈরি প্রভৃতি। সুন্দরবন ও রাজ্যের উপকূল অঞ্চলের ভয়াবহ পরিস্থিতির কথা তুলে ধরে শ্রী দত্ত বলেন, ব্যাঘ্র প্রকল্প ও সুন্দরবনের অনুভূতি প্রবণ এলাকা দিয়ে তাপবিদ্যুৎ কেন্দ্রের ছাই জাহাজ ভর্তি করে নিয়ে যাওয়দাবন্ধের দাবী জানানো হয়েছে।

ইশতেহার প্রকাশের পর প্রতিটি রাজনৈতিক দলের রাজ্য দপ্তরে গিয়ে তাঁরা সংশ্লিষ্ট দলের নেতৃত্বের সঙ্গে কথা বলেন। প্রতিটি রাজনৈতিক দলই বিষয়গুলি গুরুত্ব দিয়ে বিবেচনা করার প্রতিশ্রুতি দিয়েছে বলে জানিয়েছেন সম্পাদক।

*******************************

বিধানসভা নির্বাচনের আবহে প্রিন্ট মিডিয়ায় রাজনৈতিক বিজ্ঞাপন ছাপানোর ওপর কড়া বিধি নিষেধ জারি করল নির্বাচন কমিশন। জানানো হয়েছে, ভোট এবং তার আগের দিন কোনও রাজনৈতিক বিজ্ঞাপন প্রকাশ করতে গেলে অগ্রিম ছাড়পত্র নেওয়া বাধ্যতামূলক।

কমিশনের নির্দেশ অনুযায়ী, মিডিয়া সার্টিফিকেশন অ্যান্ড মনিটরিং কমিটি (এমসিএমসি)-র অনুমোদন ছাড়া ওই নির্দিষ্ট সময়ে কোনও রাজনৈতিক দল, প্রার্থী বা সংস্থা খবরের কাগজে কোনো বিজ্ঞাপন প্রকাশ করতে পারবে না। এজন্য বিজ্ঞাপন প্রকাশের নির্ধারিত তারিখের অন্তত দু’দিন আগে আবেদন করতে হবে। জেলা বা রাজ্য স্তরের এমসিএমসি সেই আবেদন খতিয়ে দেখে দ্রুত সিদ্ধান্ত নেবে।

পাশাপাশি ‘পেইড নিউজ’-এর উপরেও কড়া নজরদারি চালানোর নির্দেশ দেওয়া হয়েছে। নির্বাচনী প্রচারে স্বচ্ছতা বজায় রাখতে এই পদক্ষেপ অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করছে কমিশন।

******************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় বিশ্ব স্বাস্থ্য দিবস। “দিনটির তাৎপর্য ও জনস্বাস্থ্য বিষয়ক সচেতনতা” এই বিষয়ে আমাদের প্রতিনিধি কাশফিন নাহার কথা বলেছেন বিশিষ্ট জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডাক্তার কাজল কৃষ্ণ বণিক এবং ডাক্তার মধুমিতা দোবের সঙ্গে।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

******************************

উত্তর ২৪ পরগণার নৈহাটির চেয়ারম্যান তথা তৃণমূল কংগ্রেস নেতা অশোক চ্যাটার্জীকে পুলিশের গাড়ীতে করে মহকুমা শাসকের দপ্তরে নিয়ে যাওয়ার অভিযোগে আই সি নৈহাটি মহাবীর বেরাকে সাসপেন্ড করেছে নির্বাচন কমিশন। পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত ওই থানার সেকেন্ড অফিসার প্রকাশ ধারা দায়িত্ব সামলাবেন।

এর আগে, জেলা পুলিশের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ তোলেন বিজেপি নেতা অর্জুন সিং। এক্স হ্যান্ডেলের এক পোষ্টে ছবি শেয়ার করে তিনি অভিযোগ করেন, নৈহাটি বিধানসভা কেন্দ্রের শাসক দলের প্রার্থী সনত-দের মনোনয়ন জমা দেবার সময় ওই পুরসভার চেয়ারম্যান তৃণমূল কংগ্রেস নেতা অশোক চ্যাটার্জীকে পুলিশের গাড়ী থেকে নামতে দেখা গেছে। এ ব্যাপারে নির্বাচন কমিশনের দৃষ্টি আকর্ষন করে শ্রী সিং বলেন, রাজ্যের নিরপেক্ষ ও স্বচ্ছ ভোট করাতে কমিশন তৎপর হলেও পুলিশ প্রশাসন শাসক দলের মদতেই কাজ করছে। অশোক চ্যাটার্জীর বিরুদ্ধে যথাযথ পদক্ষেপ গ্রহণের আর্জিও জানান তিনি। এরপরই এই পদক্ষেপ।

******************************

আজ বিশ্ব স্বাস্থ্য দিবস। ১৯৪৮ সালের আজকের দিনে বিশ্ব স্বাস্থ্য সংস্থা তৈরি হয়েছিল,এটি স্মরণে রাখতে ও বিশ্বব্যাপী স্বাস্থ্য সচেতনতা বাড়াতে ১৯৫০ সাল থেকে ৭ই এপ্রিল দিনটি বিশ্ব স্বাস্থ্য দিবস হিসেবে উদযাপিত হয়ে আসছে। সারা দেশের সঙ্গে এরাজ্যেও বিভিন্ন জায়গায় ব্যবহারিক জীবনে স্বাস্থ্য সচেতনতা নিয়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

একটি প্রতিবেদন-

******************************

ঘূর্ণাবর্ত এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প স্থলভাগে প্রবেশ করায় আজও রাজ্যের বহু জেলায় কালবৈশাখী ঝড় ও বৃষ্টির সম্ভাবনা রয়েছে। পুরুলিয়া পূর্ব ও পশ্চিম বর্ধমান বীরভূম মুর্শিদাবাদ নদিয়া এবং উত্তর চব্বিশ পরগনা জেলায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া এবং বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে। এছাড়াও স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘ তৈরি হওয়ায় কোথাও কোথাও বৃষ্টি হতে পারে। উত্তরবঙ্গের উত্তরের জেলাগুলিতেও বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামীকাল  ঝড়ের গতিবেগ এবং বৃষ্টির পরিমাণ বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন।

(বাইট- হবিবুর)

এদিকে ঝড় বৃষ্টির কারণে এক ধাক্কায় তাপমাত্রা আজ অনেকটা নেমেছে । আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২০ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে ৫ ডিগ্রি কম।

******************************

ইডেনে গতরাতে  কলকাতা নাইট রাইডার্স ও পাঞ্জাব কিংসের মধ্যে আইপিএল এর ম্যাচ বৃষ্টির কারণে পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে।

কেকেআর টসে জিতে প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেয়। ৩ ওভার ৪ বলে KKR-এর রান যখন দুই উইকেটে ২৫, তখন বৃষ্টির কারণে খেলা বন্ধ হয়ে যায়। এক টানা বৃষ্টির ফলে খেলা শুরু করা যায় নি। রাত সাড়ে দশটা নাগাদ বৃষ্টি থামলেও, নির্ধারিত

সময়ের মধ্যে মাঠ খেলার উপযুক্ত করা যায়নি। দুই আম্পায়ার ম্যাচ পরিত্যক্ত ঘোষণা করেন। দুই দলই এক পয়েন্ট করে সংগ্রহ করেছে।

নাইট রাইডার্স বৃহস্পতিবার ইডেনে পরবর্তী ম্যাচে লখনউ সুপার জায়ান্টস এর বিরুদ্ধে খেলবে।

******************************

একটানা বৃষ্টি আর ভূমিধসে বিভিন্ন জায়গায় রাস্তা ক্ষতিগ্রস্থ হওয়ায় উত্তর সিকিমে বেড়াতে গিয়ে প্রায় এক হাজার পর্যটক আটকে রয়েছেন। এর মধ্যে পশ্চিমবঙ্গের বেশ কিছু পর্যটক রয়েছেন বলে প্রশাসন সূত্রে জানা গিয়েছে।
মাঙ্গান জেলার পর্যটন কেন্দ্র লাচেনে আটকে থাকা পর্যটকদের উদ্ধারে ITBP, সীমান্ত সড়ক সংগঠন- BRO, স্থানীয় পুলিশ এবং প্রশাসন যৌথভাবে কাজ করছে। রাজ্য সরকারের তরফে সিকিম প্রশাসনের সঙ্গে যোগাযোগ রাখা হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। পর্যটকদের সাহায্যের জন্য দুটি হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে। এগুলি হল 9907956705 এবং 359-2281-007 ।

**********************************************************************